তদেতদ্ ব্যাখ্যাতমভিধেয়ম্। অত্রান্যোঽপি বিশেষঃ শাস্ত্রমহাজনদৃষ্টানুসন্ধেয়ঃ। গুরুঃ শাস্ত্রং রুচিরনুগতিঃ সিদ্ধিরিতি মে যদেতৎ তৎ সর্ব্বং চরণকমলং রাজতি যয়োঃ। কৃপাপূরস্যন্দস্নপিতনম্রনাম্ভোজযুগলৌ সদা রাধাকৃষ্ণাবশরণগতী তৌ মম গতিঃ।।

ইতি কলিযুগপাবন স্বভজনবিভজনপ্রয়োজনাবতার শ্রীশ্রীভগবৎকৃষ্ণচৈতন্যদেব চরণানুচর বিশ্ববৈষ্ণব রাজসভা সভাজন শ্রীরূপসনাতনানুশাসন ভারতীগর্ভে শ্রীভাগবত সন্দর্ভে ভক্তিসন্দর্ভো নাম পঞ্চম সন্দর্ভঃ ।। ৫ ।।

শ্রীভাগবতসন্দর্ভে সর্ব্বসন্দর্ভগর্ভগে।
পঞ্চমো ভক্তিসন্দর্ভঃ সমাপ্তিমিহ সঙ্গতঃ ।।
সমাপ্তোঽয়ং পঞ্চমঃ সন্দর্ভঃ ।।

তাহা হইলে পূর্ব্ববর্ণিতপ্রকারে সাধনাত্মিকাভক্তি দেখানো হইল। সেই ভক্তিতে সিদ্ধির ক্রমও শ্রীসূতোপদেশ প্রারম্ভে "শুশ্রূষোঃ শ্রদ্দধানস্য" ইত্যাদি ১।২।১৬ শ্লোকে দেখানো হইয়াছে। অর্থাৎ পবিত্র তীর্থ নিষেবনে সাধুসঙ্গের সম্ভাবনা আছে। সেই সাধুসঙ্গ হইতে শ্রীহরিকথা শ্রবণে ইচ্ছা জন্মে এবং তৎপর শ্রীহরিকথায় বিশেষ শ্রদ্ধার উদয় হয়—ইত্যাদিরূপে শ্রীভগবৎ প্রেম-প্রাপ্তির ক্রম দেখানো হইয়াছে। এবং সেই ক্রমের দৃষ্টান্ত শ্রীপাদ দেবর্ষি নারদবাক্যে শ্রীকৃষ্ণ-দ্বৈপায়নের সহিত প্রসঙ্গে 'আমি পূর্ব্বে দাসীপুত্র ছিলাম", ইত্যাদি ক্রমে দেখানো হইয়াছে। শ্রীকপিলদেব বাক্যেও "সতাং প্রসঙ্গান্মম বীর্য্যসম্বিদঃ" ইত্যাদি ৩।২৫।২৫ শ্লোকে সাধনভক্তি হইতে আরম্ভ করিয়া ভাব ও প্রেমভক্তি পর্য্যন্ত প্রাপ্তির ক্রম দেখানো হইয়াছে। সেই সাধনভক্তির মধ্যেও কৈবল্যকামাভক্তিতে "ভক্ত্যা পুমান্ জাতবিরাগ ইত্যাদি ৩।২৫।২৬ শ্লোকে ভক্তিসাধন করিতে করিতে ঐন্দ্রিয়কসুখভোগে বিতৃষ্ণা জন্মিয়া থাকে, তৎপর ক্রমশঃ মুক্তিপথে অগ্রসর হইতে পারে ইত্যাদি ক্রম দেখানো হইয়াছে। শুদ্ধভক্তিতে 'নৈকাত্মতাংমে স্পৃহয়ন্তি কেচিৎ' ইত্যাদি ৩।২৫।৩৪ শ্লোকে মুক্তিতে পর্য্যন্ত কামনাশূন্য হইয়া শ্রীভগবানে দাস্য-সখ্যাদি কোন একটি ভাব লাভ করিয়া থাকে ইত্যাদি ক্রম দেখানো হইয়াছে। সেই শ্রদ্ধা ভক্তিতেই শ্রীপ্রহ্লাদকৃত দৈত্যবালকগণের প্রতি উপদেশ প্রসঙ্গে "গুরুশুশ্রূষয়া ভক্ত্যা" ইত্যাদি ৭।৭।৩০ শ্লোকে শ্রীগুরুশুশ্রূষা ভক্তি দ্বারা, শ্রীভগবানে সর্ব্বলাভার্পণের দ্বারা অর্থাৎ যেখানে ভগবদর্পণ যোগ্য যাহা পাইবে, তাহাই শ্রীভগবানে সমর্পণ করিবে ; এইপ্রকারে সাধুভক্তের সঙ্গদ্বারা ও ঈশ্বর আরাধনা দ্বারা শ্রীভগবানে ভাব-ভক্তি লাভ হইয়া থাকে ইত্যাদি ক্রম দেখানো হইয়াছে। এই ক্রমই সংক্ষেপে দৃষ্টান্তের সহিত "দুইটি শ্লোকে দেখান হইয়াছে।

ভক্তিঃ পরেশানুভবো বিরক্তিরন্যত্র চৈষ ত্রিক এক কালঃ।
প্রপদ্যমানস্য যথাশ্নতঃ স্যু স্তুষ্টিঃ পুষ্টিঃ ক্ষুদপায়োঽনুঘাসম ॥ ১১।২।৪২